22/8/2007

তারিখ ......... পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৭

দৈনিক

# ঢাবিসহ ৪০ শিক্ষা প্রতিষ্ঠানে লেখাপড়া লাটে উঠেছে !

## তত্ত্বাবধায়ক সরকার নির্বিকার !

শরিফুজ্জামান পিন্টু

অশান্তির দাবানল ছড়িয়ে পড়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ দেশের অন্তত ৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানে। তত্ত্বাবধায়ক সরকার দায়িত্ব গ্রহণের পর গত এক মাসে শিক্ষাঙ্গনে সন্ত্রাস, নৈরাজ্য ও দখলবাজি কমার বদলে ক্রমাগত বেড়েই চলছে। পরীক্ষা ও পড়াশোনার বারোটা বাজার পাশাপাশি সেশনজটের .... কালো থাবা শিক্ষাজীবনকে গ্রাস করছে। সন্ত্রাসজর্জরিত দেশের প্রধান প্রধান এসব কলেজ-বিশ্ববিদ্যালয়ের প্রায় দেড়লাখ ছাত্রছাত্রী আতঙ্ক, হতাশা ও চরম দুর্ভোগের মধ্যে দিন কাটাচ্ছে।

(১১- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## ঢাবিসহ ৪০ শিক্ষা প্রতিষ্ঠানে

*(প্রথম পাতার পর)*

শিক্ষাঙ্গনগুলোতে এই বিশৃঙ্খল ও অস্থিতিশীল অবস্থা ঠেকাতে তত্ত্বাবধায়ক সরকারের রহস্যজনক নীরবতা ও আন্তরিকতার অভাবকে দায়ী করছে শিক্ষাসংশ্লিষ্ট বিভিন্ন মহল। এছাড়া স্থানবিশেষ পুলিশের পক্ষপাতদুষ্ট আচরণ, শীর্ষ রাজনৈতিক নেতৃত্বের উস্কানি– সর্বোপরি প্রতিষ্ঠান কতৃপক্ষের ব্যর্থতাকে দায়ী করা হচ্ছে।

দখল-পাল্টাদখলের মহোৎসব চলছে দেশের এই ৪০ টি কলেজ-বিশ্ববিদ্যালয়ে। নামকরা, প্রাচীন ও বৃহৎ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় সব কটিতে ইতোমধ্যে সন্ত্রাসের ঝাপটা লেগেছে। গোটা দশেক শিক্ষা প্রতিষ্ঠান এই মুহূর্তে বন্ধ রয়েছে। ধর্মঘটে অচল রয়েছে ঢাকা ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। খুলনা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার